

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) শহীদ শামসুজ্জোহা হলের প্রাধ্যক্ষের সঙ্গে 'অসৌজন্যমূলক' আচরণের ঘটনায় শাখা ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদকের বিরুদ্ধে প্রশাসনিক বিচারের দাবি জানিয়েছে ক্যাম্পাসের প্রগতিশীল ছাত্র সংগঠনগুলো। শনিবার বিশ্ববিদ্যালয়ের পরিবহন মার্কেটে আয়োজিত সংবাদ সম্মেলনে তাঁরা এ দাবি জানান।

আবাসিক হলগুলোতে সিট বাণিজ্যের সঙ্গে জড়িতদের ছাত্রত্ব বাতিলের আইন করা, শিক্ষার্থীদের শতভাগ আবাসন নিশ্চিত করা এবং হলের সিট-সংক্রান্ত সব তথ্য অনলাইনে প্রকাশ করার দাবিও জানান তাঁরা।

হলে এক ছাত্রকে সিট বরাদ্দ দেওয়া নিয়ে শাখা ছাত্রলীগের সভাপতি গোলাম কিবরিয়া ও সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ রুণু 'অসৌজন্যমূলক' আচরণ করেছেন বলে গত শুক্রবার অভিযোগ করেছিলেন শামসুজ্জোহা হলের প্রাধ্যক্ষ অধ্যাপক একরামুল ইসলাম। তিনি গণমাধ্যমকে বলেন, 'ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক যে আচরণ করেছে তা শিক্ষকের সঙ্গে কখনোই করা যায় না।'

এর আগে বৃহস্পতিবার রাতে প্রাধ্যক্ষ একরামুলের সিট বরাদ্দ দেওয়া এক ছাত্রকে হল থেকে বের করে দেওয়ার অভিযোগ ওঠে ছাত্রলীগের বিরুদ্ধে। ওই সিটে ছাত্রলীগের এক কর্মীকে তুলে দেওয়া হয়। এ নিয়ে শুক্রবার দুপুরে প্রাধ্যক্ষ হলে যাওয়ার পর শাখা ছাত্রলীগের দুই নেতা তাঁর সঙ্গে এমন আচরণ করেন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে রাবি বিপ্লবী ছাত্রমৈত্রীর আহ্বায়ক রঞ্জু হাসান বলেন, সম্প্রতি ছাত্রলীগ বারবার বিশ্ববিদ্যালয়ের আবাসিক শিক্ষার্থীদের সিট থেকে নামিয়ে দিচ্ছে। শিক্ষার্থীদের নির্যাতনও করছে। এসব বিষয়ে শিক্ষার্থীরা অভিযোগ করলেও প্রশাসন কোনো ব্যবস্থা নেয় না।

প্রাধ্যক্ষ একরামুলের সঙ্গে অসৌজন্যমূলক আচরণের প্রতিবাদ ও নিন্দা জানিয়ে তিনি আরও বলেন, রাবি শাখা ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক কারোই ছাত্রত্ব নেই। তাহলে তাঁরা কীভাবে হলে থাকেন? এতে সাধারণ শিক্ষার্থীরা তাঁদের অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন। আবাসিক হলের প্রাধ্যক্ষরা শিক্ষার্থীদের রুম বরাদ্দ দিলেও সিটে তুলে দিতে পারছেন না। এর বড় প্রতিবন্ধকতা, হলগুলোতে ছাত্রলীগের দখলদারিত্ব। বরাদ্দ দেওয়ার আগেই তাঁরা সিটগুলো দখলে নিয়ে শিক্ষার্থীদের কাছে টাকার বিনিময়ে বিক্রি করেন।

সংবাদ সম্মেলনে ছাত্র ইউনিয়ন রাবি শাখার সভাপতি শাকিলা খাতুন, বিপ্লবী ছাত্রমৈত্রীর যুগ্ম আহ্বায়ক শাকিল হোসেন ও ফরিদা ইয়াসমিন, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের সদস্য ফুয়াদ রাতুল প্রমুখ উপস্থিত ছিলেন।